



## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রমের শুভ উদ্বোধন



২৫ অক্টোবর ২০২১-সোমবার সকাল ১০টায় বাংলাদেশ নির্বাচন কমিশনের সহযোগীতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জাতীয় পরিচয় (NID) নিবন্ধন কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বাংলাদেশ নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক জনাব এ কে এম হুমায়ূন কবীর, প্রকল্প পরিচালক (IDEA-2) বিগ্রেডিয়ার জেনারেল আবুল কাশেম মোঃ ফজলুল কাদের, ঢাকা অঞ্চলের নির্বাচনি অফিসার জনাব হেলাল উদ্দীন এবং সিনিয়র নির্বাচন অফিসার জনাব মুনির হোসাইন খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন পরিচালক (ছাত্র-কল্যাণ) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম এবং সঞ্চালনা করেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নুরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, প্রক্টর এবং জাতীয় নির্বাচন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



কমিশন অফিসের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আজ ২৫ অক্টোবর থেকে আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত (৩দিন ব্যাপী) সকাল ১০টা হতে বিকাল ৪টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় অডিটোরিয়ামে শিক্ষার্থীদের জাতীয় পরিচয় (NID) নিবন্ধন কার্যক্রম চলমান থাকবে।